# পথ দেখাবি না

দেবাঞ্জন সেনগুপ্ত

## পড়ার আগে ভাবো

শিশু তার শৈশবের অবুঝ চঞ্চলতায় নিশ্চিত আশ্রয় ছেড়ে অনিশ্চিতের পথে পা বাড়িয়ে পথ হারায়। সদা সর্তক মা তাঁর সন্তানকে নিশ্চিত আশ্রয় ফিরিয়ে আনে। এ অভিজ্ঞতা তোমাদের নিশ্চয় আছে, তোমরা যদি ভুল পথে পা বাড়াও মা ঠিক পথটি ধরিয়ে দেবেন।

ও - রে পাখির মা
তুই দেখবি না তোর ছা !

কাক - শকুনে ঠুকরে পালায়
কোকিল দুষ্ট মন্ত্রণা দেয়
হাড় - কাঁপা শীত লাগছে ওগায়
ও - রে পাখির মা
তুই নজর দিবি না !

অবুঝ ছানা লাফায় দাপায়
কিচির মিচির ঝগড়া বাধায়
হুঁশ নেই তার নিজের কে ভাই

ও - রে পাখির মা
তুই শাসন করবি না !

নতুন করে গড়ার আশায়
ডিম পেড়েছিস আপন বাসায়
পাগলাটে ঝড় ভাঙবে শাসায়
ওম্ দে পাখির মা
তুই জন্ম দিবি না !

শিকারি টোপে আড়াল বাড়ায়
কাকতাড়ুয়া ধমকে তাড়ায়
একলাটি ছা রাস্তা হারায়
ও - রে পাখির মা
তুই পথ দেখাবি না !

## জেনে রাখো

ছা — ছানা, এখানে পাখির বাচ্চা,

ওম্ — উষ্ণতা

কাকতাড়ুয়া — ফসল ক্ষেতে কাক বা পাখিদের তাড়াবার জন্য খড় ইত্যাদি দিয়ে তৈরি পুতুল

## কাব্য পরিচয় .

মা পাখি নতুন বাসা বাঁধে, ডিম পাড়ে, এলোমেলো ঝড়ে ভেঙে পড়ার আতঙ্ক এরই মাঝে মা পাখি ডিমে তা দেয় । ছোট্ট শাবক একলা বাসায় অসহায় । বাইরের নানা পাখির আক্রমণ, শিকারির টোপের আতঙ্ক, শীতের কষ্ট থেকে বাঁচাতে কবি মা পাখিকে লক্ষ্য রাখার কথা বলেছেন ।

সারাদিন শাবকগুলির চেঁচামেচি, আপন বোধের অভাব, কবি মাকে শাসনও করতে বলেন কিন্তু বর্হিজগতের আক্রমণে দিশেহারা পথ হারানো শাবকের জন্য কবি মা পাখিকে সঠিক পথটি চিনিয়ে দিতে আবেদন করেছেন ।

## পাঠবোধ

### সঠিক শব্দটি লেখো

1. কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

(ক) কাক (খ) কোকিল

(গ) শকুন (ঘ) চিল

2. কে বাসা ভাঙবে বলে শাসাচ্ছে ?

(ক) কাক (খ) শকুন

(গ) শিকারি (ঘ) ঝড়

3. দেবাঞ্জন সেনগুপ্তের লেখা কবিতা কোনটি ?

(ক) ভৌগোলিক (খ) দূষণ হটাও

(গ) উজান ডিঙি (ঘ) পথ দেখাবি না

### অতি সংক্ষেপে লেখো

4. ওম্ শব্দটির অর্থ কী ?

5. কারা ঠুকরে পালায় ?

### সংক্ষেপে লেখো

6. কাকতাড়ুয়া শব্দটির অর্থ লেখো ।

### বিস্তারিতভাবে লেখো

7. পাখির শাবকেরা সারাদিন কী কী করে ? 'পথ দেখাবি না' কবিতাটি অবলম্বনে লেখো ।

8. পাখির শাবকগুলির কোন্ কোন্ বিপদের সম্মুখীন হতে হয় ? কবি মা পাখিকে সাবধান হওয়ার জন্য কী কী নির্দেশ দিয়েছেন ?